গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক (মে ২০১৭ মাসের) সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় ঃ ১১ জুন, ২০১৭, সকাল ১১.০০ টায়
স্থান ঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা ঃ পরিশিষ্ট-ক

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এপ্রিল' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **১.ক) সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ:** সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহের ই-টেন্ডারিং এর মাধ্যমে সরকারী ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয়, সব কয়টি অধিদপ্তর ই-জিপিতে রেজিস্ট্রেশন, প্রশিক্ষণসহ অন্যান্য প্রস্তুতি সম্পন্ন করেছে। কারা অধিদপ্তর ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ইতোমধ্যেই ই-টেন্ডারিং শুরু করেছে। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরবর্তী সকল ক্রয়-ই-টেন্ডারিং এ ক্রয় করা হবে মর্মে সভায় জানানো হয়। সভাপতি অবিলম্বে শতভাগ ক্রয় কাজ ই-টেন্ডারিং পদ্ধিতে করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) সুরক্ষা সেবা বিভাগ এবং সকল অধিদপ্তরে অবিলম্বে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ উইং ও সকল অধিদপ্তর |
| | ১.খ) সভায় বাংলাদেশ-ব্রাজিল ও বাংলাদেশ-সার্ভিয়া এর মধ্যে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব পররাষ্ট্র মন্ত্রণালয়ে কার্যক্রমাধীন রয়েছে মর্মে সভায় জানানো হয়। | খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে বিষয়টি ত্বরান্বিতকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| | ১.গ) জেল কোড সংশোধন এবং নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়ার চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে ভেটিং এর জন্য যথাক্রমে ১৩-১০-২০১৪ ও ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | গ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে যোগাযোগ রেখে কাজ ত্বরান্বিতকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| ২ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** | |
| | সভায় জানানো হয় অধিদপ্তসমূহের সাথে সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গত ২১-০৬-২০১৭ তারিখে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে স্বাক্ষরিত হয়েছে। সুরক্ষা সেবা বিভাগের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আগামী ০৬-০৬-২০১৭ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে স্বাক্ষরিত হবে। | ক) চুক্তি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন অগ্রগতি মনিটর এবং সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) বার্ষিক চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগে ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/উইং প্রধান/অগ্নি অনুবিভাগ |

| | | |
|---|---|---|
| ৩ | মামলা | |
| | সভায় জানানো হয় অধিদপ্তরসমূহের চলমান মামলায় রীট ও এটি মামলায় অনেক ক্ষেত্রে জোরালো মেরিট থাকা সত্ত্বেও সরকারের বিপক্ষে রায় হয়। এক্ষেত্রে সলিসিটর উইং এর পাশাপাশি বেসরকারী উকিল নিয়োগ করা হলে কাঙ্খিত ফলাফল বা সরকারী স্বার্থ সংরক্ষণ সম্ভব হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) এ বিষয়ে সর্বশেষ পরিপত্র সংগ্রহ করতে হবে ;<br>খ) সে অনুযায়ী প্রতিটি মামলার গুরুত্ব, সরকারী স্বার্থ ইত্যাদি বিবেচনা করে উপযুক্ত বেসরকারী উকিল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা নেয় ;<br>গ) গুরুত্বপূর্ণ মামলাসমূহ ব্যক্তিগতভাবে তদারকী করা এবং নিয়োজিত আইনজীবিগণের Performence মূল্যায়ন করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ |
| ৪ | পেনশন কেইস : | |
| | আলোচ্য মাসে (মে' ২০১৭) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তরে কোন পেনশন কেইস পেন্ডিং নেই মর্মে সভায় জানানো হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৪টি পেন্ডিং রয়েছে।<br>সভাপতি সকল পেনশন কেইস সর্বশেষ সরকারী পরিপত্র/নির্দেশনা অনুযায়ী যথাসময়ে নিষ্পত্তি/আদেশ জারীর ওপর গুরুত্বারোপ করেন। | বিধি মোতাবেক যথাসময়ে পেনশন কেইস নিষ্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৫ | পরিদর্শন : | |
| | সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তসমূহের গুরুত্বপূর্ণ প্রকল্পের যথাসময়ে মানসম্পন্ন বাস্তবায়নের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। অধিদপ্তরের এবং বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ নিয়মিত মাঠ পর্যায়ের অফিস/উন্নয়ন প্রকল্প ইত্যাদি পরিদর্শন করলে ভাল ফলাফল পাওয়া যাবে - মর্মে সভায় একমত পোষন করা হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪-০৪-২০১৭ তারিখের মসবৈ-১৩(০৪)/২০১৭ নং সিদ্ধান্তের বিষয়টি সবাইকে স্মরণ করিয়ে দেয়া হয়। | ক) সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাদের জন্য নির্ধারিত জেলা পরিদর্শন সংক্রান্ত ২৬ এপ্রিল ২০১৭ তারিখের আদেশ অনুযায়ী নিয়মিত জেলা পরিদর্শন এবং প্রতিবেদন সংশ্লিষ্ট অধিদপ্তর ও অনুবিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) অধিদপ্তরসমূহের প্রধানগণ এর উর্দ্ধতন কর্মকর্তাগণ নিজ নিজ দপ্তর এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) |
| ৬ | অনিষ্পন্ন বিষয়/পত্রাদি : | |
| | সভায় বিভাগের কাছে অধিদপ্তরের এবং অধিদপ্তরের কাছে বিভাগের অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে আলোচনা হয়। এরূপ অনিষ্পন্ন বিষয়াদি অনুবিভাগ পর্যালোচনাক্রমে দ্রুত নিষ্পত্তির জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৭ | প্রশিক্ষণ : | |
| | সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্তটি অনুসরণ করা এবং চাহিদা অনুযায়ী (Need based) যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের ওপর গুরুত্ব দেয়া প্রয়োজন মর্মে সভাপতি সবাইকে অবহিত করেন। | ক) সুরক্ষা সেবা বিভাগ এর অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) এ বিষয়ের প্রতিবেদন নির্ধারিত ছকে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৮ | ই-ফাইলিং : | |
| | সরকারী কার্যাদি শতভাগ ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্নকরণে সরকারী নির্দেশনার বিষয়টি নিয়ে আলোচনা হয়। ই-ফাইলিং দ্রুততম সময়ে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। | অবিলম্বে ই-ফাইলিং বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / অনুবিভাগ প্রধান (সকল) |

| | | |
|---|---|---|
| ৯ | **ইনোভেশন ও উত্তম চর্চা :** | |
| | দাপ্তরিক ও নাগরিক সেবার উৎকর্ষতা বৃদ্ধিতে ইনোভেশন ও সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চায় গুরুত্বের বিষয়টি সভাপতি সবাইকে পুনরায় স্মরণ করিয়ে দেন। সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চাকে উৎসাহ দান এবং এগুলোর যথাযথ প্রয়োগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। | সৃজনশীল ধারনা ও উত্তম চর্চার অধিদপ্তর ওয়ারী তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ১০ | **গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়াদি :** | |
| | ১০.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল) বিধিমালা ২০১৫ প্রণয়ন প্রসঙ্গে। | বিধিমালাটি দ্রুত তৈরী করে পুনঃ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ১০.২ অনুমোদিত অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন প্রস্তাব। | অগ্নি প্রতিরোধ বিধিমালাটি ভেটিং এর জন্য পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.৩ বাংলাদেশ পাসপোর্ট আইন-২০১৬। | মন্ত্রিপরিষদ বিভাগের বিবেচনাধীন আছে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| | ১০.৪ জেল কোড ও প্রিজন এ্যাক্ট সম্পর্কিত আলোচনা। | জেল কোড সংশোধন ও প্রিজন অ্যাক্ট প্রণয়নের বিষয়টি আইন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ১০.৫ অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (ওয়্যারহাউজ), পরিচালক (প্রশিক্ষণ) সংশ্লিষ্ট কর্মকর্তার সহায়ক স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, ড্রাইভার ও অফিস সহায়ক এর ১২টি পদ সৃজন প্রসঙ্গে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবটি দ্রুত সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.৬ ১৫৬ প্রকল্পের আওতায় ০৪টি ফায়ার স্টেশনের অনুকুলে ১০৮টি পদ সৃজনের প্রস্তাব। | ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত উন্নয়ন প্রকল্পেরসমূহের পদের অগ্রগতির বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করবে এবং উন্নয়ন অনুবিভাগ এবং উন্নয়ন অনুবিভাগ ও অগ্নি অনুবিভাগ এ বিষয়টি মনিটর করবে।<br>বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.৭ ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ৫৫ টি স্টেশনের ১৪৯৩টি জনবলের পদ সৃজনের প্রস্তাব প্রসঙ্গে। | |
| | ১০.৮ দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সাগর/স্থানে ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন ১৫ টি ফায়ার স্টেশনের অনুকূলে ৪০৫ টি পদ সৃজনের প্রস্তাব। | |
| | ১০.৯ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়্যারহাউজ ইন্সপেক্টর, স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক ও মবিলাইজিং অফিসার এই পাঁচ ক্যাটাগরীর পদের বেতনস্কেল। | এ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে :অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.১০ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ৩টি ক্যাটাগরীর মোট ৬টি পদের (ফায়ারম্যান, সমমান ডেমস্ট্রেটর) বেতন স্কেল উন্নীতকরণ। | এ বিষয়ে অর্থ বিভাগের অসম্মতির প্রেক্ষিতে যৌক্তিকতা তুলে ধরে পুনরায় অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.১১ নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদ সৃজন। | নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদের বেতনস্কেল নির্ধারণের জন্য দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ১০.১২ কারা অধিদপ্তরাধীন ৬৬ টি কারাগারের জন্য পূর্বে প্রস্তাবিত জনবলের সংশোধিত ১৬,৮৭৪ টি পদ সৃজনের প্রস্তাবে ৩,১০৭ টি পদের অনুমোদন পাওয়া যায়। | সৃজিত পদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে :কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ১০.১৩ কারা অধিদপ্তরের অধীন বিভিন্ন কারাগারের টিওইএন্ডইতে ৫৮টি যানবাহন অন্তর্ভূক্তকরণ। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>বাস্তবায়নে :কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ১০.১৪ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কম্পিউটার, ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত বৃদ্ধিকরণের প্রস্তাব। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণ করবে।<br>বাস্তবায়নে :মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ১০.১৫ মৌলভী বাজার জেলা কারাগারের জন্য ৩.০৩ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন। | জেলা প্রশাসক, মৌলভীবাজার-এরসাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে :কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ১১ | বিবিধ : | |
| | ১১.১ **কর্মপরিকল্পনা প্রনয়ণ** : সভায় সুরক্ষা সেবা বিভাগের আওতধীন অধিদপ্তরের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের জন্য অতিরিক্ত সচিব কারা জনাব মো: মহিবুল হককে আহবায়ক করে একটি কমিটি গত এপ্রিল' ২০১৭ মাসের সমন্বয় সভায় গঠন করা হয় | ১১.১ কমিটি পরবর্তী সমন্বয় সভায় তাদের প্রণীত কর্মপরিকল্পনা উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি |
| | ১১.২ **বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ :**<br>কারা অধিদপ্তর : ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালু করার লক্ষ্যে ঢাকাস্থ দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১,কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জ এ ২টি কক্ষে বহিঃশব্দ নিরোধ ব্যবস্থাকরণ, সিসি ক্যামেরা স্থাপনও সাধারণ সংস্কারের জন্য প্রধান প্রকৌশলী, গনপূর্ত অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে। | ১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |
| | ১১.৩ **কয়েদী/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ :**<br>কারা অধিদপ্তর : যেসব কয়েদী/হাজতি অসুস্থতার কারণ দেখিয়ে দীর্ঘদিন হাসপাতালে অবস্থান করছে তাদের উপযুক্ত মেডিকেল বোর্ডের মান পরীক্ষা করে হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার জন্য সকল সিনিয়র জেল সুপার, জেল সুপারকে নির্দেশনা প্রদান করা হযেছে। | ১১.৩ যেসব কয়েদী/হাজতি অসুস্থাতার কারণ দেখিয়ে দীর্ঘদিন হাসপাতালে অবস্থান করছে তাদের উপযুক্ত মেডিকেল বোর্ডের মাধ্যমে পরীক্ষা করে হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী সিদ্ধান্ত নিতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়